দৈনিক বাংলা

তারিখ 05 MAY 1994
পৃষ্ঠা ৭ কলাম ৮

31

# খুলনায় ছাত্র সংঘর্ষ ঃ বাণিজ্য কলেজ বন্ধ

**নিজস্ব প্রতিনিধি ঃ খুলনা, ৪ মে।**– দুটি বিবদমান ছাত্র সংগঠনের মধ্যে পরপর দুদিন সংঘর্ষের ফলে উদ্ভূত পরিস্থিতিতে নগরীর আযম খান সরকারী বাণিজ্য মহাবিদ্যালয়টি ১১ মে পর্যন্ত বন্ধ ঘোষণা করাহয়েছে।

উল্লেখ্য, মঙ্গলবার এ দুটি ছাত্র সংগঠনের সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়। এতে ছাত্র সংসদের ভিপি শাহ জাকিউর রহমানসহ ৬ জন আহত হয়। জাকিউরকে সদর হাসপাতালে ভর্তি করা হয়। এই সংঘর্ষে সংসদ অফিসকক্ষ ও কলেজের সহঅধ্যক্ষের কার্যালয়ে ব্যাপক ভাংচুর হয়। জাতীয় নেতৃবৃন্দের ছবি সংসদ অফিসে টানানো ও নামানোকে কেন্দ্র করে এই সংঘর্ষের সূত্রপাত হয়। এব্যাপারে একে অপরকে দোষারোপ করে ছাত্রলীগ ও

( ৮-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## খুলনায় ছাত্র সংঘর্ষ

( প্রথম পৃষ্ঠার পর )

ছাত্রদলের পক্ষ থেকে থানায় দুটি পৃথক মামলা গতকাল দায়ের করা হয়। আজ সকালে কলেজ ক্যাম্পাসে বোমাবাজি হয়। দুটি বোমা প্রচন্ড শব্দে বিস্ফোরিত হলে আশপাশের বাড়ি কেঁপে ওঠে এবং লোকজন ভীত সন্ত্রস্ত হয়ে পড়ে। ঘটনায় কেউ গ্রেফতার হয়নি। পুলিশ প্রহরারত রয়েছে।